




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
প্রশাসন অধিশাখা  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা  
[www.moind.gov.bd](http://www.moind.gov.bd)




নং ৩৬.০০.০০০০.০৪৬.২৩.০১২.২১. ৭২১

তারিখ: ০২ ভাদ্র ১৪২৮  
১৭ আগস্ট ২০২১

বিষয়ঃ রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার ২০২১ প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহ্বানের সময়সীমা বর্ধিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার ২০২১ প্রদানের লক্ষ্যে ইতঃপূর্বে দরখাস্ত আহ্বান করে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনপত্র দাখিলের সময়সীমা ৩১ জুলাই ২০২১ পর্যন্ত নির্ধারিত ছিল। উক্ত আবেদনপত্র দাখিলের সময়সীমা আগামী ১৫ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত করে পুনরায় বিজ্ঞপ্তি জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। সংশ্লিষ্টদের নিকট ব্যাপক প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য বিজ্ঞপ্তির কপি নির্দেশক্রমে এ সাথে যুক্ত করে প্রেরণ করা হল। উল্লেখ্য, জাতীয় শিল্পনীতি ২০১৬, রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান নীতিমালা ২০২০ শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.moind.gov.bd](http://www.moind.gov.bd)) পাওয়া যাবে।

সংযুক্তঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

  
(মোহাম্মদ খালেকুজ্জামান)  
উপসচিব

ফোনঃ +৮৮০২৯৫৫৮৫৪৯


ই-মেইল: dsadmin@moind.gov.bd

বিতরণঃ

- ১। সভাপতি, ফেডারেশন অব চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) বিসিআইসি ভবন, (৪র্থ তলা), ৩০- ৩১ দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
- ৩। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮) ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৪। সভাপতি, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ), আদমজী কোর্ট প্রধান ভবন ( ৫ম তলা) ১১৫-১২০ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৫। সভাপতি, উইমেন এন্টারপ্রিনিয়ার এসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব), এংকর টাওয়ার (৮ম তলা), ১০৮, বীর উত্তম সি আর দত্ত রোড (নতুন), ১/১(বি), সোনারগাঁও রোড (পুরাতন), ঢাকা-১২০৫।
- ৬। সভাপতি, বাংলাদেশ নীট ওয়্যার ম্যানুফ্যাকচারার্স এ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, প্রধান কার্যালয় প্রেস ক্লাব ভবন ২য় তলা, ২৩৩/১, বি. বি. রোড, নারায়ণগঞ্জ।
- ৭। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ঢাকা চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৮। সভাপতি, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (সিসিসিআই), চেম্বার হাউজ, ৩৮ আগ্রাবাদ বা/এ চট্টগ্রাম-৪০০০।
- ৯। সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) বাংলাদেশ স্কাউটস, জাতীয় স্কাউট ভবন (১৩ তলা) ৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০।
- ১০। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বিজিএমইএ কমপ্লেক্স ২৩/১ পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।
- ১১। সভাপতি বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, চেম্বার বিল্ডিং, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১২। সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সোসাইটি, হাউজ নং-৫১৯ (৪র্থ তলা), রোড নং-১, ধানমন্ডি আ/এ ঢাকা-১২০৫।




Bangladesh



## রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার ২০২১ এর দরখাস্ত আহ্বানের সময়সীমা বর্ধিতকরণ

জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে শিল্প মন্ত্রণালয় রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রবর্তন করেছে। জাতীয় শিল্পনীতি ২০১৬ অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির ও হাইটেক শিল্পের সাথে জড়িত শিল্প উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠানকে ২০২১ সালের জন্য এ পুরস্কার প্রদান করা হবে। সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানসমূহের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্বাধিকারীর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। জাতীয় শিল্পনীতি ২০১৬, রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান নীতিমালা ২০২০ এবং আবেদন ফরম (বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত Enquiry Form-1 ও Enquiry Form-2 সহ) শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.moind.gov.bd](http://www.moind.gov.bd) হতে এবং অফিস চলাকালীন প্রতি কর্মদিবসে সকাল ৯টা-৫টা পর্যন্ত শিল্প মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখা (কক্ষ নং ৪৩৭, ৪র্থ তলা) হতে সংগ্রহ করা যাবে। পূরণকৃত আবেদন ফরম আগামী ১৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রশাসন অধিশাখায় গ্রহণ করা হবে। আবেদনকারীগণকে জাতীয় শিল্পনীতি ২০১৬ এবং রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান নীতিমালা ২০২০ যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, ইতঃপূর্বে যে সকল শিল্প প্রতিষ্ঠান আবেদন দাখিল করেছে সে সকল প্রতিষ্ঠানকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।



(মোহাম্মদ খালেকুজ্জামান)

উপসচিব

ফোন: +৮৮০২৯৫৫৮৫৪৯

Email: [dsadmin@moind.gov.bd](mailto:dsadmin@moind.gov.bd)

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার